

## নিয়োগের দাবিতে পুলভুক্ত শিক্ষকদের আল্টিমেটাম

■ ইত্তেফাক রিপোর্ট

নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রায় ২ বছর পরও নিয়োগ পাননি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে 'পুলভুক্ত শিক্ষক' হিসেবে চূড়ান্তভাবে নির্বাচিত ১৫ হাজার ১৯ প্রার্থী। আগামী মাসের মধ্যে নিয়োগ না পেলে অদপনসহ কঠোর আন্দোলনের ঘোষণা দেয়া হবে বলে জানিয়েছেন তারা। গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সন্মেলনে পুলভুক্ত শিক্ষকরা এ ঘোষণা দেন।

পুলভুক্ত শিক্ষক হিসেবে নির্বাচিত সাদিয়া বলেন, ২০১২ সালের ফেব্রুয়ারি মাসের ২৪ তারিখে ১৫ হাজার ১৯ জন প্রার্থী চূড়ান্তভাবে পুল শিক্ষক হিসেবে নির্বাচিত হওয়ার পরও আমরা নিয়োগ পাইনি। নিয়োগ না পাওয়ার কারণও আমরা জানি না।

প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বরাবর স্মারকপিপি দেয়া হলেও কোনো ধরনের সাড়া পাওয়া যায়নি বলে জানান পুল শিক্ষক হিসেবে নির্বাচিতরা। আগামী মাসের মধ্যে নিয়োগ দেয়ার জন্য সরকারের প্রতি অনুরোধও করেন তারা।

এ বিষয়ে মন্ত্রণালয়ের কর্মকর্তারা ইত্তেফাককে বলেছেন, ৬ মাসের অন্য পুল গঠন এবং মেয়াদ শেষে পুন্যপদে পুলভুক্ত শিক্ষকের স্থায়ীভাবে নিয়োগের বিষয়ে আগ্রহ প্রকাশ করে অর্ধমন্ত্রণালয়ে মতামত চাওয়া হয়েছিল। কিন্তু পুল বাঁকা শিক্ষকদের পূন্য পদে নিয়োগ দেয়ার বিষয়ে অর্ধ মন্ত্রণালয় চরম আপত্তি জানিয়েছে। পুলভুক্ত শিক্ষকরা অস্থায়ীভাবে নিয়োগ পেলেও অনগ্রসার এবং অর্ধমন্ত্রণালয়ের আপত্তির কারণে এদের স্থায়ী হবার কোন সুযোগ নেই।